

অতি জরুরি
ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
www.dpe.gov.bd


স্মারক নং- ৩৮.০০.০০০০.১১৭.০১৪.১০.১২-৪৮৯

তারিখ : ৭ জুন ২০১৬

বিষয় : মোবাইলে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে ফরম পূরণ প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৬ জুন ২০১৬ এর পত্র নং ৩৮.০১৩.০১৪.০০.০০.১০৫.২০১৬-৫২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প (৩য় পর্যায়)-এর উপবৃত্তি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণের জন্য নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে তাঁর আওতাভুক্ত প্রত্যেক বিদ্যালয়ের উপবৃত্তির অন্তর্ভুক্ত প্রতিটি শিক্ষার্থীর বিদ্যমান উপবৃত্তির কার্ডে মাতা, মাতার অবর্তমানে পিতা, মাতা পিতার অবর্তমানে বৈধ অভিভাবকের মোবাইল নম্বর সংযোজন করে কার্ডের লিপিবদ্ধ তথ্যাদির সফটকপি আগামী ০৯ জুন ২০১৬ তারিখের মধ্যে রূপালী ব্যাংকের নির্ধারিত কর্মকর্তার নিকট সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।


(মো: তসলীমুল ইসলাম)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
টেলিফোন: ৫৫০৭৪৯৩৮
Email: taslimulislam@gmail.com


উপজেলা শিক্ষা অফিসার(সকল)

স্মারক নং- ৩৮.০০.০০০০.১১৭.০১৪.১০.১২-৪৮৯

তারিখ : ৭ জুন ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রকল্প পরিচালক, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প (৩য় পর্যায়), ১৪৭/এফ গ্রীণ রোড, ঢাকা (তাঁকে সকল উপজেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে তথ্য সংগ্রহের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগ (সকল), (তাঁকে বিষয়টি মনিটর করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), (তাঁকে বিষয়টি মনিটর করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।


(মো: তসলীমুল ইসলাম)
পরিচালক (পরি. ও উন্ন.)